**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 05–05–2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

**Headlines :**

**(১) চলতি সপ্তাহের মধ্যে মালবাহী ট্রেন চলাচল চালু করা যাবে বলে এন এফ রেলওয়ে জানিয়েছে ।**

**(২) লোকসভা নির্বাচনের তৃতীয় দফার সরব প্রচার আজ বিকেলে শেষ হয়েছে ।**

**(৩) সারা রাজ্যে বজ্র বিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সতর্কতা ।**

**(৪) টিসিএ পরিচালিত সন্তোষ স্মৃতি ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ক্রিকেট প্রতিযোগিতা শুরু হলো আজ থেকে ।**

**********************************************

**Petrol Diesels crisys:**

চলতি সপ্তাহের মধ্যে মালবাহী ট্রেন চলাচল চালু করা যাবে বলে এন এফ রেলওয়ে জানিয়েছে। এন এফ রেলওয়ের মুখ্য জনসংযোগ আধিকারিক জানিয়েছেন, এই পথে পন্যবাহী ট্রেন চলাচলের জন্য সব রকম প্রয়াস চলছে।

এদিকে, রাজ্যে পেট্রোল ডিজেলের জন্য পেট্রোল পাম্পগুলোতে দীর্ঘ লাইন অব্যাহত রয়েছে। আজও আগরতলার বিভিন্ন পেট্রোল পাম্পে পেট্রোল ডিজেলের জন্য বাইক স্কুটি, অটো রিক্সা, ছোট

গাড়ি  ট্রাক বাস প্রভৃতি গাড়ির লাইন ছিল। ত্রিপুরা পেট্রোলিয়াম ডিলারস অ্যাসোসিয়েশনের সভাপতি দেবাশিস মজুমদার জানিয়েছেন, আজও গুয়াহাটি থেকে সড়ক পথে ট্যাংকারে করে রাজ্যে পেট্রল ডিজেল এসেছে ।

*****************

**Lok Sabha-3rd Phase:**

লোকসভা নির্বাচনের তৃতীয় দফার সরব প্রচার আজ বিকেলে শেষ হয়েছে। এই পর্বে আগামী ৭ই মে মঙ্গলবার ভোট গ্রহণ করা হবে। ১২টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের ৯৩টি আসনে ঐদিন ভোট নেওয়া হবে। এরমধ্যে রয়েছে আসামের ৪টি আসন, বিহারে ৫টি, ছত্তিশগড়ে ৭টি, গোয়ায় ২টি, গুজরাটে ২৬তি, কর্নাটকে ১৪টি, মধ্যপ্রদেশে ৮টি, মহারাষ্ট্রের ১১টি, উত্তরপ্রদেশে ১০টি, পশ্চিমবঙ্গের ৪টি, দাদরা ও নগর হাবেলি এবং দমন ও দিউতে ১টি করে আসন।

*****************

**CEC:**

মুখ্য নির্বাচন কমিশনার রাজীব কুমার আজ বিশ্বের বৃহত্তম গণতন্ত্রের বিশাল নির্বাচনী প্রক্রিয়ার বিভিন্ন দিক সম্পর্কে আন্তর্জাতিক প্রতিনিধিদের অবগত করেন। শ্রীকুমার আজ নয়াদিল্লিতে International Election visitors program এ ২৩ টি দেশের নির্বাচন পরিচালন সংস্থার প্রতিনিধিদের উদ্দেশ্যে ভাষণ দিচ্ছিলেন। উল্লেখ্য, ভারতের লোকসভা নির্বাচন প্রত্যক্ষ করতে এই প্রতিনিধিরা গতকাল ভারতে

এসে পৌঁছেছেন। তারা মহারাষ্ট্র, গোয়া, গুজরাট, কর্নাটক, মধ্যপ্রদেশ, উত্তর প্রদেশ এই ছটি রাজ্য সফর করবেন।

*******************

**Scorching heat:**

গ্রীষ্মের তীব্র দাবদাহের কারণে ঊনকোটি জেলাতে স্বাস্থ্য দপ্তর জনস্বাস্থ্য রক্ষায় প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করেছে।

উদ্‌ভুত পরিস্থিতিতে জনগণকে নিরাপদ ও সুস্থ রাখতে করণীয় বিষয়ে সচেতনতামূলক প্রচার জোরদার করা হয়েছে।

এই সময়ে ফাষ্টফুড, তেলে ভাজা খাবার, তেল-চর্বি জাতীয় খাবার এড়িয়ে যাবার পরামর্শ দেওয়া হয়েছে। প্রয়োজন ছাড়া রোদে না বেরুতে, বিশেষ প্রয়োজনে ছাতা, টুপি, সানগ্লাস পড়ে বেরুতে হবে। এই সময়ে জলবাহিত রোগ প্রতিরোধে পরিশ্রুত পানীয় জল পান করার আবেদন জানানো হয়েছে।

ঊনকোটি জেলার মুখ্য চিকিৎসাধিকারিক ডাঃ শীর্ষেন্দু চাকমা এক সাক্ষাৎকারে জানান, আশাকর্মী-স্বাস্থ্যকর্মীরা প্রচন্ড গরমে সাবধানতা ও সতর্কতা বিষয়ে জেলার নানাস্থানে জনগণকে পরামর্শ দিচ্ছেন। এই গরম আবহাওয়ায় স্বাস্থ্য সমস্যা দেখা দিলে নিকটবর্তী স্বাস্থ্য কেন্দ্রে যোগাযোগ করার জন্য তিনি আবেদন জানান।

*******************

**Bijhu Rong Dhang Fest:**

চাকমা জনজাতি সম্প্রদায়ের ঐতিহ্যবাহী বিজু উৎসবের অংশ হিসেবে আজ বিকেলে আগরতলার টাউন হলে অনুষ্ঠিত হয়

'বিজু রং ধং' উৎসব । চাকমা ইয়ুথ কালচারাল ফোরামের উদ্যোগে এই ঐতিহ্যবাহী অনুষ্ঠানের উদ্বোধন করেন রাষ্ট্রপতি পুরস্কার প্রাপ্ত ও পদ্মশ্রী সম্মানে ভূষিত স্মৃতিরেখা চাকমা। উপস্থিত ছিলেন বর্ষিয়ান সাংবাদিক স্রোত রঞ্জন খীসা সহ অন্যান্য অতিথিগণ।

আজকের বিজু সাংস্কৃতিক অনুষ্ঠানে বিজু রং ধং উদযাপনের প্রেক্ষাপট নিয়ে আলোচনা করেন বিশিষ্ট অতিথিগণ। অনুষ্ঠানে বিশিষ্ট অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ত্রিপুরা রাজ্য চাকমা পরিষদের সভাপতি দেবযান চাকমা, অবসরপ্রাপ্ত আইএএস অফিসার টি কে চাকমা, বিশিষ্ট সমাজসেবী বিমল চাকমা, যোগমায়া চাকমা, কাকলি চাকমা সহ অন্যান্যরা।

******************

**Anti Ragging Committee:**

শিক্ষা প্রতিষ্ঠান গুলিতে রেগিং(Ragging) রুখতে ঊনকোটি জেলাতে "এন্টি রেগিং কমিটি" গঠন করা হয়েছে। এই কমিটির চেয়ারম্যান হয়েছেন, ঊনকোটি জেলার জেলা শাসক। সদস্য-সচিব হয়েছেন, জেলার অতিরিক্ত জেলা শাসক। বারো সদস্যক কমিটিতে জেলার দু'টি মহাবিদ্যালয়ের অধ্যক্ষদ্বয়, ছাত্র সংগঠনগুলোর প্রতিনিধি ও সংবাদ মাধ্যমের প্রতিনিধিরা রয়েছেন।

বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন বা U.G.C'র চিঠির প্রেক্ষিতে ও মহামান্য সুপ্রিম কোর্টের রায়কে মান্যতা দিয়ে এই কমিটি গঠন করা হয়েছে বলে জেলা প্রশাসন সূত্রে জানা গেছে।

******************

**Paddy farmers affected:**

বৃষ্টিতে তীব্র গরম থেকে সাধারণ মানুষ কিছুটা স্বস্তি পেলেও ক্ষতির শিকার অপেক্ষাকৃত নিচু জমির ধানচাষীরা। সোনামুড়ার ধলিয়াই, ঠাকুরমুড়া, বেজিমারা, রাঙ্গামাটিয়া প্রভৃতি এলাকায় বৃষ্টিতে বোরো ধানের ব্যপক ক্ষতি হয়েছে। বৃষ্টির কারনে ধান ক্ষেত জলের তলায় চলে গেছে। ক্ষতিগ্রস্থ কৃষকরা সরকারি সাহায্যের আবেদন জানিয়েছেন।

******************

**Animesh Debbarma:**

খোয়াই এর প্রয়াত সাংবাদিক মানস ভট্টাচার্যের বাড়িতে গেলেন বনমন্ত্রী অনিমেষ দেববর্মা। তিনি প্রয়াতের পরিবারের সাথে কথা বলেন এবং সমবেদনা জানান। শ্রী দেববর্মা প্রয়াতের পরিবারকে সর্বতোভাবে সাহায্য এবং সহযোগিতা করার আশ্বাস দেন।

******************

**Dance competition**

উদয়পুর টাউন হলে আজ অনুষ্ঠিত হলো "হৃদয়পুরের নৃত্যধারা"। রিফরমিস্ট সোসাইটির উদ্যোগে আয়োজিত এই অনুষ্ঠানের উদ্বোধন করেন রাজ্যের বিশিষ্ট নৃত্যশিল্পী তথা সরকারি সংগীত মহাবিদ্যালয় এর প্রাক্তন অধ্যক্ষা ডঃ পদ্মিনী চক্রবর্তী। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংগীত নাটক একাডেমি আগরতলার ডাইরেক্টর সর্বাণী নন্দী।

এদিনের অনুষ্ঠানে রিফরমিস্ট সোসাইটির শিল্পীরা পরিবেশন করে ভারতীয় শাস্ত্রীয় কথ্থক নৃত্য, পরম্পরাগত লোকনৃত্য ধামাইল

এবং রাইবেশে, রবীন্দ্র, নজরুল, দেশাত্মবোধক ও শচীন দেব বর্মনের গানের সঙ্গে নৃত্যানুষ্ঠান।।

আজকের এই অনুষ্ঠানে জাতীয় ও রাজ্যস্তরের নৃত্যের পারদর্শিতার জন্য শিল্পীদের সংবর্ধনা জ্ঞাপন করা হয়।

অনুষ্ঠানে বিশেষ আকর্ষণ ছিল নৃত্য সংগীত বিষয়ক মুক্ত কুইজ। এই কুইজকে কেন্দ্র করে দর্শকদের মধ্যে ব্যাপক উৎসাহ পরিলক্ষিত হয়।

******************

**Smran Sabha:**

রানীর খামার রামকৃষ্ণ বিবেকানন্দ আশ্রমের সভাপতি তথা রাষ্ট্রপতি পুরস্কারপ্রাপ্ত শিক্ষক প্রয়াত পরেশ চন্দ্র চক্রবর্তী স্মরণসভা আজ আশ্রমেরই একটি সভাগৃহে অনুষ্ঠিত হয়। এই স্মরণ সভায় ধলেশ্বর ও বিবেক নগর রামকৃষ্ণ আশ্রমের সন্ন্যাসীরা ছাড়াও বিভিন্ন আশ্রম থেকে আসা মহারাজ ও সন্ন্যাসীরা উপস্থিত ছিলেন। স্মরণ সভায় উপস্থিত সকলে প্রয়াতের প্রতিকৃতিতে ফুল মালা দিয়ে শ্রদ্ধা জ্ঞাপন করেন। উল্লেখ্য গত ১৬ই এপ্রিল জিবি হাসপাতালে পরেশ চন্দ্র চক্রবর্তী শেষ নি:শ্বাস ত্যাগ করেন।

******************

**Weather-IMD:**

দিল্লীর মৌসম ভবন আজ ও আগামীকাল উত্তর-পূর্ব ভারতে ভারী থেকে অতি ভারী বৃষ্টিপাতের পূর্বাভাস দিয়েছে। IMD আরও জানিয়েছে, অরুনাচল, আসাম, মেঘালয়, সিকিম, নাগাল্যান্ড, মনিপুর, মিজোরাম এবং ত্রিপুরায় আগামী ৫ দিন বজ্র বিদ্যুৎ

সহ হাকলা থেকে মাঝারি বৃষ্টিপাত এবং সেই সঙ্গে দমকা হাওয়া বয়ে যেতে পারে।

******************

**Weather-State:**

আগরতলা ও পার্শ্ববর্তী অঞ্চলের আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে, বজ্র বিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি বৃষ্টিপাত হতে পারে। তবে উত্তর জেলা, ঊনকোটি, ধলাই, খোয়াই ও পশ্চিম জেলায় বজ্র বিদ্যুৎ সহ ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে ঝড়ো হওয়া এবং সেই সঙ্গে ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। রাজ্যের বাকি জেলাগুলিতেও বজ্র বিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সতর্কতা জারী করেছে আবহাওয়া দপ্তর। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৫.৬ ডিগ্রি সেলসিয়াস।

আজ ধর্মনগর ও খোয়াই এ বৃষ্টি হওয়ায় তীব্র তাপপ্রবাহের থেকে সাধারণ মানুষ নিস্তার পেয়েছে বলে আমাদের জেলার সংবাদ প্রতিনিধিরা জানিয়েছেন।

******************

**Cyclone at Sabroom:**

আজ ভোর ৪ টা ৫ মিনিট থেকে শুরু হওয়া ৩০ মিনিটের ঘুর্ণিঝড়, শিলাবৃষ্টি ও বাজ পড়ার ঘটনায় সাব্‌রুম মহকুমার সাতটি বাড়ির ব্যাপক ক্ষতি হয়েছে। বিপর্যস্ত হয়ে পড়েছে বিদ্যুৎ পরিষেবা। সাব্‌রুম মহকুমা শাসক শিবজ্যোতি দত্ত জানান, সাতচাঁদ ব্লকের ফুলছড়ি ভিলেজে ঘরের উপর গাছ ভেঙে পড়ে শান্তনা ত্রিপুরা নামে এক মহিলা আহত হয়েছেন। হাসপাতালে তার চিকিৎসা চলছে।

সন্ধ্যার পরেও মহকুমার বেশিরভাগ জায়গায় স্বাভাবিক হয়নি বিদ্যুৎ পরিষেবা।বিদ্যুৎ পরিষেবা স্বাভাবিক করার চেষ্টা চালানো হচ্ছে বলেও জানান মহকুমা শাসক।

******************

**Birthday of Karl Marks-CPM:**

ভারতের কমিউনিস্ট পার্টি মার্কসবাদী ত্রিপুরা রাজ্য কমিটির উদ্যোগে আজ দলের রাজ্য দপ্তরে দার্শনিক কাল মার্কসের ২০৭ তম জন্মদিন উদযাপন করা হয় দলের রাজ্য দপ্তরে। অনুষ্ঠানে মার্কসের প্রতিকৃতিতে পুস্পার্ঘ্য অর্পণ করেন বামফ্রন্ট আহ্বায়ক নারায়ন কর সহ অন্যান্য নেতৃবৃন্দ। পরে শ্রী কর মার্কসের জীবন দর্শন নিয়ে আলোচনা করেন।

******************

**Birthday celebration of Karl Max:**

দার্শনিক কাল মার্কসের ২০৭ তম জন্মদিন আজ বিলোনিয়াতেও পালিত হয়। বিলোনিয়া সিপিআইএম অফিসে আয়োজিত অনুষ্ঠানে মার্কসের প্রতিকৃতিতে ফুলমালায় শ্রদ্ধা জানান বিধায়ক দীপংকর সেন, সিপিআইএম নেতা বিজয় তিলক সহ দলীয় নেতা - কর্মীরা।

******************

**Congress Meeting:**

আগরতলা প্রদেশ কংগ্রেস ভবনে আজ এক সাংগঠনিক বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে ভোট পরবর্তী এবং ভোট গননা কালীন সময়ে দলীয় কার্যক্রম নিয়ে আলোচনা হয়। বৈঠকে উপস্থিত

ছিলেন প্রদেশ কংগ্রেস সভাপতি আশীষ কুমার সাহা, বিধায়ক সুদীপ রায় বর্মন ও গোপাল চন্দ্র রায় সহ রাজ্য, জেলা ও ব্লক পর্যায়ের নেতৃবৃন্দ।

******************

**Distribution of cold drinkes:**

গরমের হাত থেকে পথ চলতি মানুষকে কিছুটা নিস্তার দিতে আজ সংহতি ক্লাবের উদ্যোগে রামনগরে ঠান্ডা পানীয় বিতরণ করা হয়। উপস্থিত ছিলেন ক্লাবের সম্পাদক তথা আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার সহ ক্লাব কর্মকর্তারা ।

******************

**Foundation Day:**

ত্রিপুরা তপশিলি জাতি সমন্বয় সমিতির ৪৩ তম প্রতিষ্ঠা দিবস আজ আগরতলার মেলার মাঠ আম্বেদকর ভবনে পালন করা হয়। এই উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে দলীয় পতাকা উত্তোলন করেন সংগঠনের রাজ্য সভাপতি রতন ভৌমিক। পরে দিনটির তাৎপর্য তুলে ধরে আলোচনা করেন সংগঠনের রাজ্য সম্পাদক সুধন দাস।

******************

**Foundation Day -Belonia:**

এদিকে, আজ বিলোনিয়াতেও ত্রিপুরা তপশিলি জাতি সমন্বয় সমিতির প্রতিষ্ঠা দিবস আজ বিলোনিয়াতেও পালিত হয়। অনুষ্ঠানে সংগঠনের পতাকা উত্তোলন করেন সংগঠনের দক্ষিণ জেলা

সম্পাদক ভাগ্যধর মজুমদার। বিধায়ক দীপংকর সেন সহ সংগঠনের নেতা-কর্মীরা উপস্থিত ছিলেন অনুষ্ঠানে।

******************

**Dead body recovered:**

তিন দিন আগে নিখোঁজ হওয়া এক ব্যক্তির মৃত দেহ আজ উদ্ধার করলো কাঁকড়াবন থানার পুলিশ l গত শুক্রবার সকালে উদয়পুর লালটিলা এলাকার বাসিন্দা ৫০ বছর বয়সের উত্তম দাশ নামে ওই ব্যক্তি কাজের জন্য বাড়ি থেকে বের হয়ে আর ফেরে নি l

আজ সকাল সাড়ে এগারোটা নাগাদ ওই ব্যক্তির মৃত দেহ লালটিলা এলাকার একটি জঙ্গল থেকে উদ্ধার করে কাঁকড়াবন হাসপাতালে নিয়ে যায়। পুলিশ ঘটনার তদন্ত করছে l

******************

**Satosh Cricket:**

টিসিএ পরিচালিত সন্তোষ স্মৃতি ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ক্রিকেট প্রতিযোগিতা আজ থেকে শুরু হয়েছে। আসরের প্রথম দিনে অনুষ্ঠিত তিনটি খেলায় কসমোপলিটান ক্লাব, হার্ভে ক্লাব ও পোলস্টার ক্লাব জয়লাভ করেছে। এম বি বি স্টেডিয়ামে অনুষ্ঠিত খেলায় কসমোপলিটান ক্লাব ৫ উইকেটে ইউনাইটেড বি এস টি'কে, নরসিংগড়ের পিটিএ মাঠে অনুষ্ঠিত খেলায় পোলস্টার ক্লাব ৩ উইকেটে ওল্ড প্লে সেন্টারকে এবং নরসিংগড়ের টিআইটি

মাঠে অনুষ্ঠিত খেলায় হার্ভে ক্লাব ১৬২ রানে মৌচাক ক্লাবকে পরাজিত করে।

******************

**Senior Cricket  Santirbazar:**

শান্তিরবাজার ক্রিকেট এসোসিয়েশন আয়োজিত মহকুমা সিনিয়র ক্রিকেট টুর্নামেন্ট চ্যালেঞ্জার ট্রফির আজকের ম্যাচে দেশবন্ধু ক্লাবকে ৬ উইকেটে পরাজিত করে জগন্নাথ পাড়া প্লে সেন্টার। বাইখোড়ায় মাঠে প্রথমে ব্যাট করতে নেমে দেশবন্ধু ক্লাব ৩২ ওভারে ৮ উইকেট হারিয়ে ২১৮ রান সংগ্রহ করে। পরে ব্যাট করতে নেমে বিজয়ী দল জগন্নাথ পাড়া প্লে সেন্টার ২৬.৩ ওভারে ৪ উইকেট হারিয়ে জয়ের জন্যে প্রয়োজনীয় ২১৯ রান তুলে নেয়।

******************

**Body Bilding:**

ত্রিপুরা বডি বিল্ডার্স এন্ড ফিটন্যাস এসোসিয়েশনের বার্ষিক সাধারণ সভা আজ আগরতলায় অনুষ্ঠিত হয়। সভায় সংস্থার বার্ষিক প্রতিবেদন ও আয় ব্যয়ের হিসাব আলোচনার পর গৃহিত হয়। এছাড়া সিদ্ধান্ত নেয়া হয়েছে সংস্থার প্রতিষ্ঠা দিবস এমাসে উদযাপন করা হবে। এবছরের ডিসেম্বর মাসে রাজ্যভিত্তিক বডি বিল্ডিং প্রতিযোগিতা হবে বলেও সিদ্ধান্ত নেয়া হয়। এসোসিয়েশনের সভাপতি তনয় দাস এখবর জানান।

******************

******************